



বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনা করে পাকিস্তানের প্রধানমন্ত্রীর চিঠি



সংগৃহীত ছবি

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার অসুস্থতা নিয়ে উদ্বেগ হয়ে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ তাকে দ্রুত সুস্থতার জন্য চিঠি দিয়েছেন। শনিবার (২৯ নভেম্বর) রাতে চিঠিটি বিএনপির ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশ করা হয়। চিঠিতে শাহবাজ শরিফ লিখেছেন, “আপনার অসুস্থতার খবরে আমি গভীরভাবে চিন্তিত। পাকিস্তানের জনগণ, সরকার এবং আমি ব্যক্তিগতভাবে আপনার সুস্থতার জন্য আন্তরিক দোয়া করছি।” তিনি আরও বলেছেন, “বাংলাদেশের উন্নয়নে আপনার অবদানের স্বীকৃতি সর্বত্র বিদ্যমান। দুই দেশের ঘনিষ্ঠ ও ভ্রাতৃসুলভ সম্পর্কের প্রসারে আপনার অবদান আমরা গুরুত্বসহকারে বিবেচনা করি। আমি প্রার্থনা করি, আল্লাহ আপনাকে দ্রুত সুস্থতা দান করুন এবং আপনি আপনার দল ও দেশের জন্য শক্তি ও দিকনির্দেশনার উৎস হয়ে কাজ চালিয়ে যেতে পারেন।”

LENS ASIA